

## 📖 সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৪৬৮৫

৬৫/ কুরআন মাজীদে তাফসীর (كتاب التفسير)

পরিচ্ছেদঃ ৬৫/১১/৪. আল্লাহ তা'আলার বাণীঃ

### بَابُ قَوْلِهِ

আরবী

مُسَدَّدٌ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ حَدَّثَنَا سَعِيدٌ وَهَشَامٌ قَالَا حَدَّثَنَا قَتَادَةُ عَنْ صَفْوَانَ بْنِ مُحَرَّرٍ قَالَ بَيْنَا ابْنُ عُمَرَ يَطُوفُ إِذْ عَرَضَ رَجُلٌ فَقَالَ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ أَوْ قَالَ يَا ابْنَ عُمَرَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي النَّجْوَى فَقَالَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ يُدْنِي الْمُؤْمِنُ مِنْ رَبِّهِ وَقَالَ هَشَامٌ يَدْنُو الْمُؤْمِنُ حَتَّى يَضَعَ عَلَيْهِ كَنَفَهُ فَيُقَرِّرُهُ بِذُنُوبِهِ تَعْرِفُ ذَنْبَ كَذَا يَقُولُ أَعْرِفُ يَقُولُ رَبِّ أَعْرِفُ مَرَّتَيْنِ فَيَقُولُ سَتَرْتُهَا فِي الدُّنْيَا وَأَغْفِرُهَا لَكَ الْيَوْمَ ثُمَّ تُطَوَّى صَحِيفَةُ حَسَنَاتِهِ وَأَمَّا الْآخَرُونَ أَوْ الْكُفَّارُ فَيُنَادَى عَلَى رُءُوسِ الْأَشْهَادِ هَؤُلَاءِ الَّذِينَ كَذَبُوا عَلَى رَبِّهِمْ أَلَا لَعْنَةُ اللَّهِ عَلَى الظَّالِمِينَ وَقَالَ شَيْبَانُ عَنْ قَتَادَةَ حَدَّثَنَا صَفْوَانُ

বাংলা

65/11/3. بَابُ قَوْلِهِ: (وَالَّذِينَ كَذَبُوا عَلَى رَبِّهِمْ أَلَا لَعْنَةُ اللَّهِ عَلَى الظَّالِمِينَ)

৬৫/১১/৩. অধ্যায়ঃ মহান আল্লাহর বাণীঃ মাদইয়ানবাসীদের কাছে তাদের ভ্রাতা শু'আযব (আঃ)-কে পাঠালাম।

(সূরা হূদ ১১/৮৪)

أَيُّ إِلَى أَهْلِ مَدْيَنَ لِأَنَّ مَدْيَنَ بَلَدٌ وَمِثْلُهُ (وَأَسْأَلُ الْقَرْيَةَ وَاسْأَلُ الْعِيرَ) يَعْنِي أَهْلَ الْقَرْيَةِ وَأَصْحَابَ الْعِيرِ (وَرَأَى كُمْ ظَهْرِيًّا) يَقُولُ لَمْ تَلْتَفِتُوا إِلَيْهِ وَيُقَالُ إِذَا لَمْ يَقْضِ الرَّجُلُ حَاجَتَهُ ظَهَرَتْ بِحَاجَتِي وَجَعَلْتَنِي ظَهْرِيًّا وَالظَّهْرِيُّ هَا هُنَا أَنْ تَأْخُذَ مَعَكَ دَابَّةً أَوْ وَعَاءً تَسْتَظْهِرُ بِهِ (أَرَادِلْنَا) سَقَطْنَا إِجْرَامِي هُوَ مَصْدَرٌ مِنْ أَجْرَمْتُ وَبَعْضُهُمْ يَقُولُ جَرَمْتُ الْفُلُكُ وَالْفَلَكُ وَاحِدٌ وَهِيَ السَّفِينَةُ وَالسُّفُنُ مُجْرَاهَا مَدْفَعُهَا وَهُوَ مَصْدَرٌ أَجْرَيْتُ وَأَرْسَيْتُ حَبَسْتُ وَيُقْرَأُ مَرَسَاهَا مِنْ رَسَتْ هِيَ وَمَجْرَاهَا مِنْ جَرَتْ هِيَ وَمَجْرِيهَا وَمُرْسِيهَا مِنْ فَعَلَ بِهَا رَاسِيَّاتٍ ثَابِتَاتٌ.

মাদইয়ান-এর নিকট অর্থাৎ মাদইয়ানবাসীর নিকট, কেননা মাদইয়ান তো একটি শহর। এর অনুরূপ

وَرَأَى كُمْ ظَهْرِيًّا ۖ وَآثَرُ الْقَرْيَةِ وَاسْأَلُ الْعِزْرَ ۚ  
অর্থঃ তারা তার প্রতি দৃষ্টি দেয়নি। যখন কেউ কারও উদ্দেশ্য পূর্ণ না করে, তখন বলা হয় ظَهْرَتْ بِحَاجَتِي এবং  
وَجَعَلْتَنِي ظَهْرِيًّا এখানে ظَهْرِي দ্বারা এ ধরনের জানোয়ার বা পাত্র বোঝায় যা কাজের প্রয়োজনে তুমি তার দ্বারা  
নিজেকে আড়াল করবে। - أَجْرَمْتُ ۖ أَرَأَيْتُنَا - আমাদের মধ্যে অধম, إِجْرَامِي এটা أَجْرَمْتُ এর মাসদার। কেউ বলেন,  
أَجْرَمْتُ হতে উদগত الْفُلُكُ، الْفُلُكُ একবচন, বহুবচন উভয় ক্ষেত্রে ব্যবহৃত হয়। অর্থঃ নৌকা এবং নৌকাগুলো।  
أَجْرَيْتُ (নৌকার গতি) এটা أَجْرَيْتُ ۖ - এর মাসদার এবং أَرَسَيْتُ ۖ - নৌকা আমি থামিয়েছি। কেউ কেউ পড়েনঃ  
مَجْرَاهَا অর্থঃ তার স্থিতি এবং مَجْرَاهَا অর্থঃ তার গতি। مُجْرِيهَا এবং مُرْسِيهَا অর্থঃ যার সঙ্গে এরূপ (চালিত,  
স্থগিত) করা হয়েছে لِرَأْسِيَاتُ অর্থঃ স্থিত। (আধুনিক প্রকাশনীঃ ৪৩২৩, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪৩২৪)

(وَيَقُولُ الْأَشْهَادُ هَؤُلَاءِ الَّذِينَ كَذَبُوا عَلَى رَبِّهِمْ جَاءَ اللَّهُ عَلَى الظَّالِمِينَ)

সাক্ষীরা বলবেঃ এরাই ঐসব লোক যারা তাদের রবের প্রতি মিথ্যারোপ করেছিল। জেনে রাখ, যালিমদের উপর আল্লাহর লা'নাত। (সূরাহ হূদ ১১/১৮)

وَاحِدُهُ شَاهِدٌ مِثْلُ صَاحِبٍ وَأَصْحَابٍ

৭. صَاحِبٌ -এর এক বচন, أَصْحَابٌ -যেমন, شَاهِدٌ -এর একবচন হল, أَشْهَادٌ

৪৬৮৫. সফওয়ান ইবনু মুহরিয (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, একদা ইবনু 'উমার (রাঃ) তাওয়াফ করছিলেন। হঠাৎ এক ব্যক্তি তার সম্মুখে এসে বলল, হে আবু 'আবদুর রহমান অথবা বলল, হে ইবনু 'উমার (রাঃ)! আপনি কি নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম থেকে (কিয়ামতের দিন আল্লাহ তা'আলা এবং মু'মিনদের মধ্যকার) গোপন আলোচনা সম্পর্কে কিছু শুনেছেন? তিনি বললেন, আমি নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, (কিয়ামতের দিন) মু'মিনকে তাঁর নৈকট্য দান করা হবে। হিশাম বলেন, মু'মিন নিকটবর্তী হবে, এমনকি আল্লাহ তা'আলা তাকে স্বীয় পর্দায় ঢেকে নেবেন এবং তার নিকট হতে তার গুনাহসমূহের স্বীকারোক্তি নেবেন। (আল্লাহ জিজ্ঞেস করবেন) অমুক গুনাহ সম্পর্কে তুমি জান কি? বান্দা বলবে, হে আমার রব! আমি জানি, আমি জানি। এভাবে দু'বার বলবে। তখন আল্লাহ তা'আলা বলবেন, আমি দুনিয়ায় তোমার পাপ গোপন রেখেছিলাম। আর আজ তোমার সে পাপ ক্ষমা করে দিচ্ছি। তারপর তার নেক 'আমলনামা গুটিয়ে নেয়া হবে।

আর অন্যদলকে অথবা (রাবী বলেছেন) কাফিরদের সকলের সামনে ডেকে বলা হবে, এরাই সে লোক যারা আল্লাহ সম্পর্কে মিথ্যা বলেছিল এবং শায়বান حَدَّثَنَا عَنْ قَتَادَةَ এর পরিবর্তে عَنْ صَفْوَانَ এর পরিবর্তে حَدَّثَنَا صَفْوَانَ বর্ণনা করেছেন। [২৪৪১] (আধুনিক প্রকাশনী: ৪৩২৪, ইসলামিক ফাউন্ডেশন: ৪৩২৫)

Narrated Safwan bin Muhriz:

While Ibn `Umar was performing the Tawaf (around the Ka`ba), a man came up to him and said, "O Abu `AbdurRahman!" or said, "O Ibn `Umar! Did you hear anything from the Prophet (ﷺ) about An35 Najwa?" Ibn `Umar said, "I heard the Prophet (ﷺ) saying, 'The Believer will be brought near his Lord.'" (Hisham, a sub-narrator said, reporting the Prophet's words), "The believer will come near (his Lord) till his Lord covers him with His screen and makes him confess his sins. (Allah will ask him), 'Do you know (that you did) 'such-and-such sin?' He will say twice, 'Yes, I do.' Then Allah will say, 'I concealed it in the world and I forgive it for you today.' Then the record of his good deeds will be folded up. As for the others, or the disbelievers, it will be announced publicly before the witnesses: 'These are ones who lied against their Lord.'"

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ সাফওয়ান ইবনু মুহরিয (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=29180>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন